যুগান্তর

তারিখ : 24 SEP 2016
পৃষ্ঠা ৩/ ... কলাম ... ৭

যুগান্তরে খবর প্রকাশের জের

# মুন্সীগঞ্জে শিক্ষার্থীদের বেত্রাঘাতের ঘটনায় তিন মাতবর আটক

**স্টাফ রিপোর্টার,** *মুন্সীগঞ্জ*

শুক্রবার দৈনিক যুগান্তরে মুন্সীগঞ্জে হত্যা মামলা এড়াতে জরিমানা ও বেত্রাঘাত শিরোনামে সংবাদ প্রকাশিত হওয়ার পর সরব হয়ে ওঠে পুলিশ প্রশাসন। আটক করা হয়েছে বাগবাড়ি গ্রামের ৩ মাতবরকে। বেত্রাঘাতে ২৪ স্কুল ছাত্রকে আহত করার ঘটনায় আহত সবুজের বাবা আলাউদ্দিন বাদী হয়ে পঞ্চসার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম মোস্তফাকে মূল আসামি করে ২৪ জনের বিরুদ্ধে সদর থানায় একটি মামলা দায়ের করেন।

পুলিশ ভোরে পঞ্চসারের বাগবাড়িতে অভিযান চালিয়ে মামলার এজাহারভুক্ত আসামি আমজাদ, ওমর আলী ও মনিরকে আটক করে। বাকি আসামিদের আটক করতে পুলিশ কয়েকবার হানা দিয়েছে বাড়িতে। এদিকে নিহত স্কুলছাত্র আরাফাতের পরিবার হত্যা মামলা দিতে সিরাজদিখান ও সদর থানায় ঘুরছে কিন্তু মামলা নিচ্ছে না কোনো থানা। মুন্সীগঞ্জ সদর খানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ইউনুচ আলী জানান, বেত্রাঘাতে মারধরের ঘটনায় ২৪ জনের নাম উল্লেখ করে মামলা হয়েছে। এর মধ্যে তিনজনকে আটক করা হয়েছে। বাকি আসামিদের গ্রেফতারের চেষ্টা করা হচ্ছে। আরাফাত নিহত হয়েছে না নৌকা থেকে পানিতে পড়ে মারা গেছে, ময়নাতদন্ত রিপোর্টে তা নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট থানায় মামলা নেয়া হবে।

সম্প্রতি নৌ-ভ্রমণে গিয়ে আরাফাত হোসেন নামের স্কুলছাত্রের মৃত্যুর ঘটনায় বৃহস্পতিবার মুন্সীগঞ্জের উপকণ্ঠ বাগবাড়ি মসজিদ প্রাঙ্গণে গ্রাম্য সালিশ বসে। সালিশি বৈঠকে পঞ্চসার ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান গোলাম মোস্তফাসহ গ্রাম্য সালিশে নৌ-ভ্রমণে যাওয়া অপর ২৪ স্কুলছাত্রকে ২৫টি করে বেত্রাঘাত ও প্রত্যেককে ৫০ হাজার টাকা জরিমানা করেন। পঞ্চায়েত কমিটির সদস্য এবং চেয়ারম্যানের আস্থাভাজন হিসেবে পরিচিত টিটু ও আরিফ শিক্ষার্থীদের ২০টি করে বেত্রাঘাত করেন।